রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৪, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৩৬০-আইন/২০২৫।**—সরকার The Commissions of Inquiry Act, 1956 (Act No. VI of 1956) এর section 3-এ প্রদত্ত ক্ষমতাবলে গণঅধিকার পরিষদের সভাপতি এবং ডাকসু (DUCSU)-র সাবেক ভিপি জনাব নুরুল হক নুর-এর উপর হামলা এবং গুরুতর আঘাতের ঘটনা তদন্তের জন্য নিম্নেরূপে তদন্ত কমিশন গঠন করিল:—

| | | | |
|---|---|---|---|
| ১. | বিচারপতি মোঃ আলী রেজা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | : | সভাপতি |
| ২. | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩. | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য। |

২। উক্ত তদন্ত কমিশনের কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ২৯ আগস্ট ২০২৫ তারিখে গণঅধিকার পরিষদের সভাপতি এবং ডাকসু (DUCSU)-র সাবেক ভিপি জনাব নুরুল হক নুর-এর উপর হামলা এবং গুরুতর আঘাতের জন্য দায়ী ব্যক্তিবর্গকে চিহ্নিতকরণ;

(খ) উল্লিখিত ঘটনার জন্য দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সুপারিশ প্রদান করা; এবং

(গ) ভবিষ্যতে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিরোধে করণীয় বিষয়ে সুপারিশ প্রদান।



মূল্য : টাকা ৪·০০

৩। কমিশন, The Commissions of Inquiry Act, 1956 অনুসারে তদন্তকার্য সম্পন্ন করিয়া প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করিবে।

৪। স্বরাষ্ট্র মন্ত্রণালয় তদন্ত কমিশনকে সাচিবিক সহায়তাসহ সকল প্রকার সহায়তা প্রদান করিবে ও কমিশনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিবে এবং কমিশনকে সহায়তার উদ্দেশ্যে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত যে কোনো ব্যক্তিকে দায়িত্ব প্রদান করিতে পারিবে।

৫। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd